

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

১৯ জুন, ২০১৭  
তারিখ : \_\_\_\_\_  
০৫ আষাঢ়, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে ।

এলসি মার্জিন নির্ধারণ সংক্রান্ত ০২ ডিসেম্বর, ২০০৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে সকল প্রকার আমদানির খণ্ডপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে।

০২। সাম্প্রতিক সময়ে হাওড় এলাকায় বন্যা, দেশের বিভিন্ন অঞ্চলে অতিবৃষ্টিসহ অন্যান্য প্রাকৃতিক দুর্ঘটনার কারণে চালের স্বাভাবিক সরবরাহে বিঘ্ন ঘটায় চালের বাজারে অস্থিতিশীলতা পরিলক্ষিত হচ্ছে। এতদ্বেক্ষিতে, নিত্য প্রয়োজনীয় পণ্য হিসেবে বাজারে চালের সরবরাহ নিশ্চিতকরণার্থে চাল আমদানির ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে শূন্য মার্জিনে খণ্ডপত্র স্থাপনের জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

০৩। তাছাড়া, ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের ঝণের পরিশোধ সময়সীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত ২৯ ডিসেম্বর, ২০১০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর নির্দেশনা অনুযায়ী Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঝণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঝণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পুনরায় পরামর্শ দেয়া হলো।

০৪। ক্রমিক নং ০২ এর নির্দেশনা ৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বহাল থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(সাইফুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন: ৯৫৩০১৫৫